গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়

আইন ও বিচার বিভাগ

বিচারশাখা-৫

www.lawjustice.gov.bd

**স্মারক নং ১০.০০.০০০০.১২৯.২৩.০০৫.১৯.৫৬৯** **তারিখ:** ১৪ বৈশাখ ১৪৩৩ বঙ্গাব্দ / ২৭ এপ্রিল ২০২৬

## পরিপত্র

**বিষয়: ২৮শে এপ্রিল 'জাতীয় আইনগত সহায়তা দিবস' উদযাপন উপলক্ষে আয়োজিত আলোচনা অনুষ্ঠানে মঞ্চে আসন বিন্যাস এবং বক্তব্য প্রদান।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, প্রতি বছর ২৮ এপ্রিল দেশব্যাপী 'জাতীয় আইনগত সহায়তা দিবস' অত্যন্ত গুরুত্বের সাথে পালিত হয়ে আসছে। জেলা পর্যায়ে এই দিবসটি সফলভাবে আয়োজনের ক্ষেত্রে 'জেলা লিগ্যাল এইড কমিটি'র ভূমিকা ও অবদান অত্যন্ত প্রশংসনীয়। দিবসটি উপলক্ষে আয়োজিত আলোচনা অনুষ্ঠানে জেলার সকল স্তরের সম্মানিত বিচারকগণ, সরকারের অন্যান্য দপ্তরের কর্মকর্তাবৃন্দ এবং গণ্যমান্য ব্যক্তিবর্গের স্বতঃস্ফূর্ত উপস্থিতি লিগ্যাল এইড কার্যক্রমকে আরও বেগবান করে।

২। জেলা পর্যায়ে কর্মরত জেলা জজ পদমর্যাদার কর্মকর্তাগণসহ সকল সম্মানিত বিচারকগণের উপস্থিতি এই অনুষ্ঠানকে মর্যাদাপূর্ণ করে তোলে। এক্ষেত্রে 'আইনগত সহায়তা প্রদান আইন, ২০০০' এর ৯ ধারা অনুযায়ী গঠিত জেলা লিগ্যাল এইড কমিটিতে বিচারকগণের মধ্যে সংশ্লিষ্ট জেলার জেলা ও দায়রা জজ চেয়ারম্যান, নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনালের জ্যেষ্ঠ বিচারক এবং চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট পদাধিকারবলে সদস্য আছেন।

৩। আলোচনা অনুষ্ঠানে মঞ্চের ধারণক্ষমতার সীমাবদ্ধতা এবং নির্ধারিত সময়ের মধ্যে অনুষ্ঠান সুচারুরূপে সম্পন্ন করার স্বার্থে বক্তাগণের বক্তব্যের সময় ব্যবস্থাপনা একটি গুরুত্বপূর্ণ বিষয়। ফলে অনুষ্ঠানের শৃঙ্খলা, সময়ের সর্বোত্তম ব্যবহার এবং অনুষ্ঠান মঞ্চের সুশৃংখল আসন বিন্যাসের স্বার্থে নিম্নবর্ণিত নির্দেশনাসমূহ প্রতিপালনের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

**(ক) মঞ্চে আসন** বিন্যাস: 'আইনগত সহায়তা প্রদান আইন, ২০০০' এর ৯ ধারা অনুযায়ী গঠিত জেলা লিগ্যাল এইড কমিটির সম্মানিত সদস্যগণের মধ্যে পদমর্যাদার উর্দ্ধক্রম বিবেচনায় নিয়ে প্রয়োজনীয় সংখ্যক সদস্য এবং অনুষ্ঠানে আমন্ত্রিত প্রধান অতিথি/বিশেষ অতিথি (যদি থাকেন) মুল মঞ্চে আসন গ্রহণ করবেন।

**(খ) সম্মানজনক আসন ব্যবস্থা:** জেলা জজ পদমর্যাদার যে সকল সম্মানিত বিচারক জেলা কমিটির সদস্য নহেন, তাঁদের জন্য মর্যাদা ও জ্যেষ্ঠতা অক্ষুণ্ণ রেখে অতিথি সারির একেবারে সম্মুখভাগে (Front Row) বিশেষ ও সম্মানজনক আসনের (VIP Seating) ব্যবস্থা নিশ্চিত করতে হবে।

**(গ) বক্তব্য প্রদান:** সংশ্লিষ্ট জেলার জেলা ও দায়রা জজ অনুষ্ঠানে সভাপতিত্ব করবেন ও বক্তব্য প্রদান করবেন এবং চীফ লিগ্যাল এইড অফিসার ও জেলা লিগ্যাল এইড অফিসারগণের মধ্যে জ্যেষ্ঠ কর্মকর্তা স্বাগত বক্তব্য প্রদান করবেন এবং মঞ্চে আসন গ্রহণকারী জেলা কমিটির সদস্যবৃন্দ এবং নির্ধারিত প্রধান অতিথি/বিশেষ অতিথি(যদি থাকে) আলোচনা অনুষ্ঠানে বক্তব্য প্রদান করবেন।

৪। জেলার সকল সম্মানিত বিচারকগণের উপস্থিতি লিগ্যাল এইড কার্যক্রমের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ। ফলে সকল বিচারকের প্রতি সর্বোচ্চ সম্মান ও শিষ্টাচার প্রদর্শনপূর্বক এই পরিপত্রের নির্দেশনা বাস্তবায়ন নিশ্চিত করার জন্য জেলা লিগ্যাল এইড কমিটির সম্মানিত চেয়ারম্যান ও জেলা লিগ্যাল এইড অফিসকে নির্দেশক্রমে অনুরোধ করা হইল।

29/08/2026

মো: মাসুম বিল্লাহ
উপসচিব
প্রশাসন-২ অধিশাখা
আইন ও বিচার বিভাগ।

**সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। জেলা ও দায়রা জজ এবং চেয়ারম্যান, জেলা লিগ্যাল এইড কমিটি (সকল)।
২। মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
৪। চীফ লিগ্যাল এইড অফিসার/জেলা লিগ্যাল এইড অফিসার (সকল)
[তিনি নিজ জেলার সকল বিচারককে কপি সরবরাহ করবেন।]
৫। অফিস কপি।

29/08/26

মো: সাইফুজ্জামান
সিনিয়র সহকারী সচিব
বিচার শাখা-৫
আইন ও বিচার বিভাগ।